

আল-হিজর | Al-Hijr | الْحَجْرُ

আয়াতঃ ১৫ : ২০

আরবি মূল আয়াত:

وَجَعَلْنَا لَكُمْ فِيهَا مَعَايِشَ وَ مَن لَّسْتُم لَهُ بَرْزَقِينَ ﴿٢٠﴾

অনুবাদসমূহ:

আর তাতে তোমাদের জন্য এবং তোমরা যার রিযক দাতা নও তাদের জন্য রেখেছি জীবনোপকরণ । — আল-বায়ান
আর তাতে তোমাদের জীবন ধারণের ব্যবস্থা করেছি আর তাদেরও যাদের রিযকদাতা তোমরা নও । — তাইসিরুল
আর আমি ওতে জীবিকার ব্যবস্থা করেছি তোমাদের জন্য, আর তোমরা যাদের জীবিকাদাতা নও তাদের জন্যও ।
— মুজিবুর রহমান

And We have made for you therein means of living and [for] those for whom you are not providers. — Sahih International

২০. আর আমরা তাতে জীবিকার ব্যবস্থা করেছি তোমাদের জন্য এবং তোমরা যাদের রিযিকদাতা নও তাদের জন্যও।(১)

(১) আর তিনি সেখানে তাদেরকেও সৃষ্টি করেছেন যাদেরকে তোমরা রিযিক দাও না। যেমন দাস-দাসী, কর্মচারী, সন্তান-সন্ততি তাদের রিযিক তো আল্লাহই প্রদান করেন। অথবা আয়াতের অর্থ, আর এ যমীনের মধ্যে আমরা তোমাদের জন্য যেমন রিযিক রেখেছি তেমনি তাদের জন্যও রিযিক রেখেছি। তখন যমীনে যেগুলো আছে সবই এর অন্তর্ভুক্ত হবে, যেমন, সমস্ত প্রাণী। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(২০) আর আমি ওতে জীবিকার অনেক ব্যবস্থা করেছি তোমাদের জন্য[১] আর তোমরা যাদের জীবিকাদাতা নও তাদের জন্যেও। [২]

[১] معيشة শব্দটি معيشة এর বহুবচন, অর্থ তোমাদের জন্য পৃথিবীতে জীবিকার অসংখ্য পথ ও উপায় সৃষ্টি করেছি।

[২] অর্থাৎ, দাস-দাসী চাকর-ভৃত্য ও জীবজন্তু। অর্থাৎ, পশুকে তোমাদের অধীনস্থ করে দিয়েছি, যাকে তোমরা বাহনরূপে ব্যবহার কর, যার উপর মালপত্র বহন কর এবং কিছুকে তোমরা ভক্ষণও কর। দাস-দাসী থেকে তোমরা তোমাদের কাজ নিয়ে থাক। যদিও এরা তোমাদের অধীনস্থ, তোমরা তাদের খাবারের ব্যবস্থা করে থাক, কিন্তু তাদের আসল জীবিকা নির্বাহকারী আমিই। তোমরা এটা মনে করো না যে, তোমরাই তাদের রুযীদাতা,

তোমরা তাদেরকে খেতে না দিলে তারা মারা যাবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1822>

হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন